# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৭৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে কুর‘আন বহির্ভুত দু‘আ পড়া বৈধ মর্মে বর্ণনা

## ذِكْرُ الْإِخْبَارِ عَنْ إِبَاحَةِ دُعَاءِ الْمَرْءِ فِي صَلَاتِهِ بِمَا لَيْسَ فِي كِتَابِ اللَّهِ تَعَالَى

আরবী

1976 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: حَدَّثَنِي مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ عَنْ رَبِيعَةَ بْنِ يَزِيدَ عَنْ أَبِي إِدْرِيسَ الْخَوْلَانِيِّ عَنْ أَبِي الدَّرْدَاءِ قَالَ: قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي فَسَمِعْتُهُ يَقُولُ:
(أَعُوذُ بِاللَّهِ مِنْكَ) ثُمَّ قَالَ: (أَلْعَنُكَ بِلَعْنَةِ اللَّهِ) ـ ثَلَاثًا ـ ثُمَّ بَسَطَ يَدَهُ كَأَنَّهُ يَتَنَاوَلُ شَيْئًا فَلَمَّا فَرَغَ مِنَ الصَّلَاةِ قَالَ: يَا رَسُولَ اللَّهِ قَدْ سَمِعْنَاكَ تَقُولُ فِي صَلَاتِكَ شَيْئًا لَمْ نَسْمَعْكَ تَقُولُ مِثْلَ ذَلِكَ وَرَأَيْنَاكَ بَسَطْتَ يَدَكَ قَالَ: (إِنَّ عَدُوَّ اللَّهِ إِبْلِيسَ جَاءَ بِشِهَابٍ مِنْ نَارٍ لِيَجْعَلَهُ فِي وَجْهِي فَقُلْتُ: أَعُوذُ بِاللَّهِ مِنْكَ فَلَمْ يَسْتَأْخِرْ ثُمَّ قُلْتُ ذَلِكَ فَلَمْ يَسْتَأْخِرْ ثُمَّ قُلْتُ فَلَمْ يَسْتَأْخِرْ فَأَرَدْتُ أَنْ أَخْنُقَهُ فَلَوْلَا دَعْوَةُ أَخِي سُلَيْمَانَ لَأَصْبَحَ مُوثقاً يلعب به صبيان أهل المدينة)

الراوي : أَبُو الدَّرْدَاءِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1976 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (391)

বাংলা

১৯৭৬. আবূ দারদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার সালাতে দাঁড়ান, অতঃপর আমি তাঁকে বলতে শুনি, তিনি বলছেন, أَعُوذُ بِاللَّهِ مِنْكَ (আমি আল্লাহর কাছে তোমার তোমার থেকে আশ্রয় চাই), তারপর তিনি বলেন, أَلْعَنُكَ بِلَعْنَةِ اللَّهِ (আমি তোমাকে আল্লাহর লা‘নতে লা‘নত করছি) –এটা তিনি তিনবার বলেন- তারপর তিনি তাঁর হাত বাড়ান, যেন তিনি কিছু গ্রহণ করছেন। তারপর যখন তিনি সালাত শেষ করেন, তখন আবূ দারদা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু

আলাইহি ওয়া সাল্লাম, আমি আপনাকে সালাতে এমন কিছু বলতে শুনলাম, যা আমি ইতিপূর্বে বলতে শুনি নাই এবং আমি আপনাকে দেখলাম আপনি আপনার হাত সামনে বাড়িয়েছিলেন!” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “নিশ্চয়ই আল্লাহর শত্রু ইবলিস এক টুকরো আগুন এনেছিল আমার মুখে দেওয়ার জন্য, ফলে আমি বলি, أَعُوذُ بِاللَّهِ مِنْكَ (আমি আল্লাহর কাছে তোমার তোমার থেকে আশ্রয় চাই), কিন্তু এতে সে পিছু হটেনি, তারপর সেটি আমি আবার বলি, কিন্তু সে পিছু হটেনি, আমি সেটি আবার বলি, কিন্তু তাতেও সে পিছু হটেনি। তারপর আমি তাকে হাত বাড়িয়ে গলা চেপে ধরতে উদ্যত হই। যদি আমার ভাই দাঊদ আলাইহিস সালামের দু‘আ না থাকতো, তবে সে বাধা অবস্থায় সকাল করতো এমন অবস্থায় যে, মদীনার শিশুরা তাকে নিয়ে খেলা করতো।”[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৫৪২; নাসাঈ: ৩/১৩; সুনান বাইহাকী: ২/২৬৩-২৬৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৩৯১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91293

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন